# Times Today BD

ডেস্ক রিপোর্ট | অর্থনীতি | 26 June, 2025

সপ্তাহের শেষ কার্যদিবস বৃহস্পতিবার দেশের মুদ্রাবাজারে ডলারের দর স্থির রয়েছে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্যানুসারে, আজ ডলারের সর্বোচ্চ দর ১২২.৯০ টাকা এবং সর্বনিম্ন দর ১২২.৭০ টাকা, ফলে গড় দর দাঁড়িয়েছে ১২২.৭৫ টাকা।

ডলার ছাড়া অন্যান্য বৈদেশিক মুদ্রায় আজ মিশ্র প্রবণতা লক্ষ্য করা গেছে।

দাম বেড়েছে: ইউরো, ব্রিটিশ পাউন্ড, অস্ট্রেলীয় ডলার ও সিঙ্গাপুরি ডলার

অপরিবর্তিত: ভারতীয় রুপি ও জাপানি ইয়েন

দাম কমেছে: চীনা ইউয়ান

বিশেষজ্ঞরা বলছেন, বৈদেশিক মুদ্রার দামের এই ওঠানামা দেশের আমদানি-রপ্তানি ও ব্যবসা-বাণিজ্যের খরচে প্রভাব ফেলছে।ডলারের দাম দীর্ঘ সময় পর গত মাসে বাড়লেও এখন তা স্থিতিশীল আছে, যা ব্যবসায়ীদের জন্য খানিকটা স্বস্তির।

তবে খোলাবাজারে ডলারের দাম বাংলাদেশ ব্যাংকের চেয়ে কিছুটা বেশি, যা অব্যাহত বৈদেশিক মুদ্রা ঘাটতির ইঙ্গিত দেয় বলে মত অর্থনীতিবিদদের।

বাংলাদেশ ব্যাংক সূত্রে জানা গেছে, মুদ্রাবাজারে স্বচ্ছতা ও স্থিতিশীলতা বজায় রাখতে নিয়মিত নজরদারি চালানো হচ্ছে।এছাড়া রিজার্ভ পরিস্থিতি এবং রেমিট্যান্স প্রবাহ নিয়েও ব্যাংকিং খাতে সতর্ক অবস্থান রয়েছে।

বাংলাদেশ ব্যাংক মুদ্রাবাজার ডলারের দাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 19:08

URL: https://timestodaybd.com/economy/3735775807